গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

## ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ০৮ অক্টোবর, ২০২৩ |
| সভার সময় | দুপুর ০২.৩০ টা |
| স্থান | কক্ষ নং-৩০৯, ভবন নং-০৮ |
| উপস্থিতি | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিবছরের ন্যায় এবারও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। এবারের বার্ষিক প্রতিবেদনে ২০২২-২৩ অর্থবছরের অর্জিত সাফল্য এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের মেয়াদকালে এ বিভাগের আওতায় প্রণীত আইন ও বিধি এবং বিভিন্ন সেক্টরে গৃহীত নীতি-কৌশলের কারণে দেশের কাঠামোগত পরিবর্তন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, দারিদ্র্য বিমোচনসহ গণমানুষের জীবনমান ও সামাজিক ক্ষেত্রে সাধিত উন্নয়ন সংক্রান্ত বিষয়বস্তুর পরিপ্রেক্ষিতে তাঁর দপ্তর সংশ্লিষ্ট তথ্যাদি সন্নিবেশনের নিমিত্ত আন্তরিকভাবে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

সভাপতি, সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩) ও সদস্য সচিব 'বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি'-কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব সভাকে জানান, ১৫ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বই আকারে প্রকাশ করতে হবে । এ জন্য নির্ধারিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসারে প্রতিবেদন প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করা জরুরি। অন্যথায় নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রকাশ করা সম্ভব হবে না। ফলশ্রুতিতে এর জন্য নির্ধারিত নম্বর অর্জিত হবে না।

তিনি সভাকে জানান, প্রেরিতব্য তথ্যে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বাণী, এ বিভাগের সচিব মহোদয়ের বাণী, এপিএ, ইনোভেশন, এনআইএস, জিআরএস, তথ্য অধিকার সংবলিত তথ্যাদি, এসডিজি, উত্তমচর্চা, এ বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক উল্লেখযোগ্য কার্যাবলি সম্পর্কিত সচিত্র প্রতিবেদন, এ সরকারের আমলে (২০০৯ থেকে জুন, ২০২৩ পর্যন্ত) তুলনামূক সচিত্র প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) এর তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রস্তুতকরণের জন্য এসকল তথ্য দ্রুত প্রেরণ করা প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | আলোচ্য বিষয় | বিষয়বস্তু | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | প্রচ্ছদ প্রণয়ন। | এ৪ সাইজের পেপারে প্রচ্ছদ তৈরি করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)/ সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ২ | মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর খসড়া বাণী প্রস্তুতকরণ। | আগামী ১০ অক্টোবর ২০২৩ এর মধ্যে মন্ত্রী মহোদয়ের বাণী প্রশাসন-৩ শাখার প্রেরণ করতে হবে। | জনাব তাহ্নিয়া রহমান চৌধুরী, উপসচিব (কারা-১)/জনাব জান্নাতুল ফেরদৌস, উপসচিব ( মাদক- ১) , সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৩ | সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের খসড়া বাণী প্রস্তুতকরণ। | আগামী ১০ অক্টোবর ২০২৩ এর মধ্যে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় মহোদয়ের বাণী প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | জনাব দিলসাদ বেগম, যুগ্মসচিব (বহিরাগমন-২ অধিশাখা)/জনাব জান্নাতুল ফেরদৌস, উপসচিব ( মাদক- ১) , সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৪ | এপিএ, ইনোভেশন, এনআইএস, জিআরএস, আরটিআই, এসডিজি, আরটিআই ও উত্তমচর্চা। | এপিএ, ইনোভেশন, এনআইএস, জিআরএস, তথ্য অধিকার সংবলিত তথ্যাদি, এসডিজি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রশাসন-৩ শাখার প্রেরণ করতে হবে। | এপিএ টিম লিডার/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা/অধিদপ্তরের প্রতিনিধি। |
| ৫ | অধিদপ্তরসমূহের অর্জন/সমৃদ্ধির তুলনামূলক বিবরণী (২০০৯ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত)। | এ সরকারের আমলে (২০০৯ থেকে জুন ২০২৩ পর্যন্ত) তুলনামূলক সচিত্র প্রতিবেদন নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট অধিদপ্তরের প্রতিনিধি/সংশ্লিষ্ট অধিশাখা প্রধান (সকল) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৬ | বিবেচ্য বছরের গুরুত্বপূর্ণ কার্যাবলি/উল্লেখযোগ্য অর্জন। | এ বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক উল্লেখযোগ্য কার্যাবলি সম্পর্কিত কার্যক্রমের সচিত্র প্রতিবেদন আগামী ১০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট অধিদপ্তরের প্রতিনিধি। |
| ৭ | প্রকল্প সংক্রান্ত কার্যক্রম | এ বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী প্রকল্প সম্পর্কিত কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতির সচিত্র প্রতিবেদনসহ প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অধিশাখা/শাখা প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| ৮ | অধিদপ্তরের শুরুর পেইজে অধিদপ্তরের নাম, অধিদপ্তর সম্পর্কিত ১টি ছবি।<br>● জনগুরুত্বপূর্ণ/সেবামূলক ১টি শ্লোগান।<br>● অধিদপ্তর সংশ্লিষ্ট ছবির ক্যাপশনসহ ছবি।<br>● কোন জায়গায় কি উদ্দেশ্যে তুলেছেন এবং ছবির গুণগত মান যেন ভালো থাকে সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | অধিদপ্তরের শুরুর পেইজে অধিদপ্তরের নাম, অধিদপ্তর সম্পর্কিত ১টি ছবি, জনগুরুত্বপূর্ণ/সেবামূলক ১টি শ্লোগান, অধিদপ্তর সংশ্লিষ্ট ক্যাপশনসহ ছবি, কোন জায়গায় কি উদ্দেশ্যে ছবি তোলা হয়েছে এবং ছবির গুণগতমান যেন ভালো থাকে সে বিষয়টি ভালভাবে লক্ষ্য রাখতে হবে। | সংশ্লিষ্ট অধিদপ্তরের প্রতিনিধিগণ। |
| ৯ | তথ্য প্রেরণের সময়সীমা | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ১৫ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডকরণের সুবিধার্থে ১০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে নিকটফন্টে সফট কপি (ওয়ার্ড ফরম্যাটে) প্রশাসন-৩ শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। প্রতিবেদন কার্যক্রম অনুযায়ী ক্যাপশনসহ প্রত্যেক ছবি ও ছবির উপরে বর্ণনা দিতে হবে (ক্যাপশন লিখার পর দাঁড়ি চিহ্ন দেয়ার দরকার নেই)। | সকল অধিদপ্তর-এর প্রতিনিধিগণ |

ছক :

**ক) প্রকল্প সংক্রান্ত কার্যক্রম**

| ক্রম | প্রকল্পের নাম | জড়িত টাকা | মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | আর্থিক | ভৌত | |
| | | | | | | |

**খ) অধিদপ্তরসমূহের অর্জন/সমৃদ্ধি তুলনামূলক বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে ছবিসহ ২০০৯ থেকে ৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত) :**

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | বিষয় | ২০০৯ খ্রিস্টাব্দ | জুন, ২০২৩ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১৬.০০১.২১.৩২৭

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০
০৮ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) যুগ্মসচিব, বহিরাগমন-১ অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৩) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৪) যুগ্মসচিব, বহিরাগমন-২ অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৫) যুগ্মসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৬) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।

৭) পরিচালক, প্রশাসন, হিসাব ও অর্থ অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

৮) কর্নেল, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শকের দপ্তর, কারা অধিদপ্তর।

৯) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।

১০) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১১) উপসচিব, বহিরাগমন-৪ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১২) উপসচিব, মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৩) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব